তারিখ ... 25 JUL 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক বাংলা

206

# হেরে যাবে জেনেই ছাত্রলীগ ডাকসু নির্বাচন চাচ্ছে না ঃ ছাত্রদল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ছাত্রদলের নেতৃবৃন্দ বলেছেন, ডাকসু নির্বাচনের অনুকূল পরিবেশ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিরাজ করলেও আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগ পরিবেশের নামে ডাকসু নির্বাচনের বিরোধিতা করছে। ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ডাকসু নির্বাচনে ছাত্রলীগের পরাজয় জেনেই তারা নির্বাচনে যেতে ভয় পাচ্ছে। ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ছাত্রলীগ সাধারণ ছাত্র-ছাত্রীদের রায়কে মেনে নিতে পারবে না বলেই ডাকসু নির্বাচনের কথা উঠলে তারা অস্ত্রবাজ সন্ত্রাসীদের ক্যাম্পাসে

(৫-এর পৃঃ দ্রঃ)

## হেরে যাবে জেনেই

(প্রথম পৃষ্ঠার পর)

ভাড়া করে নিয়ে আসে। সোমবার ডাকসু নির্বাচনের দাবীতে ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে জামায়াত-শিবিরের সন্ত্রাসের প্রতিবাদে ডাকসু ভবনের সামনে এক সামাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ একথা বলেন।

সমাবেশে ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন বলেন, শেখ হাসিনা আজ স্বৈরাচারের দোসরদের নিয়ে ষড়যন্ত্র শুরু করেছে। তিনি বলেন, আওয়ামী লীগ প্রধান নিয়মতান্ত্রিক পদ্ধতিতে না এগিয়ে প্রাসাদ ষড়যন্ত্রের মাধ্যমে পিছনের দরজা দিয়ে ক্ষমতায় আসার জন্যে মরিয়া হয়ে উঠেছে।

ছাত্রদলের সাধারণ সম্পাদক নাজিমউদ্দীন আলম বলেন, জাতীয় সংসদে শেখ হাসিনা যেমনিভাবে জামায়াত-শিবিরের সঙ্গে আঁতাত করে সংসদ বয়কট করে চলছেন, ঠিক তেমনিভাবে বর্তমানে ছাত্রলীগ (শা-পা) শিবিরের সঙ্গে আঁতাত করে শিক্ষাঙ্গনে সন্ত্রাস কায়েম করতে চায়। সমাবেশে ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আবুল খায়ের ভুইয়া, নাসিরউদ্দীন আহমদ পিন্টু, ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এ বি এম মোশাররফ হোসেন, সহসভাপতি নাসির উদ্দীন অসিম, সাধারণ সম্পাদক মনির হোসেন মনির বক্তৃতা করেন।

ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, এদেশের সচেতন ছাত্র সমাজ স্বাধীনতার চেতনা ও ৯০-এর গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করে ছাত্রদলের নেতৃত্বে রাজাকার, হাইজ্যাকার ও স্বৈরাচারকে রাজনৈতিকভাবে মোকাবিলা করবে।

সমাবেশে নেতৃবৃন্দ অবিলম্বে রাজশাহী বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বজনীন প্রতিষ্ঠান 'ডাকসু' নির্বাচন যাতে হয়, তার জন্য কর্তৃপক্ষের প্রতি দাবী জানান।